

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৬২.২০১৪.১১১

তারিখ : ১৫ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ।
৩০ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাধীন ৯নং বাউসা ইউনিয়নের ০৫নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ লুকমান উদ্দিন, পিতা-মৃত-ছমির উল্লাহ, সাং-ইমামবাঐ, নবীগঞ্জ, হবিগঞ্জ এর বিরুদ্ধে সুজি বেগমের স্ত্রীলতাহানীসহ ধর্ষণের চেপ্টার বিষয়টি সত্য মর্মে প্রতীয়মান হয়েছে এবং বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল, হবিগঞ্জ এর জি.আর.৬৬/১৭ (নবী:) নারী শিশু-৩২২/১৭ মামলার অভিযোগপত্র গত ০৯/০৫/২০১৭ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের বিরুদ্ধে বিচারাধীন মামলার অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এবং তাঁর কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউনিয়ন পরিষদ সদস্যকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাধীন ৯নং বাউসা ইউনিয়নের ০৫নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ লুকমান উদ্দিনকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৬২.২০১৪.

তারিখ : ১৫ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ।
৩০ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ লুকমান উদ্দিন, সদস্য (সাময়িক বরখাস্তকৃত), ০৫নং ওয়ার্ড, ০৯নং বাউসা ইউনিয়ন পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব